



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/9/2021

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল মানব পাচারের ভুক্তভোগীদের জন্য সংস্থানের সচেতনতা বৃদ্ধি করতে
বিধিমালায় স্বাক্ষর করলেন

**বিধিমালা (S.00924/A.3331) আইন প্রয়োগকারী ও ডিসট্রিক্ট অ্যাটর্নীদের জন্য মানব
পাচারের শিকার ব্যক্তিদের উপলভ্য সামাজিক ও আইনি সেবার ব্যাপারে পরামর্শ প্রদান
আবশ্যিক করে**

গভর্নর হোকল আজকে বিধিমালায় স্বাক্ষর করলেন যা আইন প্রয়োগকারী ও ডিসট্রিক্ট অ্যাটর্নীদের জন্য মানব পাচারের শিকার ব্যক্তিদের উপলভ্য সামাজিক ও আইনি সেবার ব্যাপারে পরামর্শ প্রদান আবশ্যিক করে। কোনো ব্যক্তি যাকে দেখে যদি যৌক্তিকভাবে মনে হয় বা সে যদি দাবি করে সে মানব পাচারের শিকার, তাহলে আইন প্রয়োগকারী কর্মকর্তাকে অবশ্যই ভুক্তভোগী ব্যক্তিকে মানব পাচার কেস সংশ্লিষ্ট সামাজিক ও আইনি সেবার উপলভ্যতার ব্যাপারে পরামর্শ দিতে হবে। এজেন্সি ভুক্তভোগী ব্যক্তিকে যথাযথ সেবা প্রদানকারীর সাথে যুক্ত করার সুযোগ প্রদান করবে, যদি না ব্যক্তি সেবা নিতে অস্বীকার করে।

"মানব পাচার একটি বৈশ্বিক মহামারী এবং আমাদেরকে অবশ্যই নিউ ইয়র্কে এই ভয়াবহ অপরাধের ইতি টানার জন্য সম্ভাব্য সবকিছু করতে হবে," **গভর্নর হোকল বলেন।** "শুধু পাচারের বিরুদ্ধে আইন প্রতিষ্ঠা করা যথেষ্ট নয়, আমাদেরকে ভুক্তভোগীদের সমর্থন করাকে এবং এমন দুঃখজনক অভিজ্ঞতা থেকে সেরে উঠতে তাদের প্রয়োজনীয় আইনি ও সামাজিক সংস্থান নিশ্চিত করাকে অগ্রাধিকার প্রদান করতে হবে।"

মানব পাচার হলো মার্কিন যুক্তরাষ্ট্রের একটি প্রাদুর্ভাব বিস্তারকারী সমস্যা। যদিও নিউ ইয়র্ক স্টেট মানব পাচারের শিকার ভুক্তভোগীদের সহায়তায় অনেকগুলি জরুরি ব্যবস্থা প্রণয়ন করেছে, যেমন পাচারের শিকার ব্যক্তিদের সুরক্ষা জোরদার করতে গত মাসে স্বাক্ষর করা সার্ভাইভার্স অফ ট্র্যাফিকিং অ্যাটেইনিং রিলিফ টুগেদার (Survivors of Trafficking Attaining Relief Together, START) অ্যাক্ট, বিলটি ভুক্তভোগীরা যাতে অতি প্রয়োজনীয় সামাজিক ও আইনি সেবা দ্রুত পেতে পারে তা নিশ্চিত করার জন্য আরেকটি অগ্রগামী ধাপ।

সিনেটর জেসিকা রামোস বলেন, "মানব পাচারের শিকার ব্যক্তিকে অত্যাবশ্যিকীয় সংস্থানের, তা মানসিক স্বাস্থ্য সমর্থন, আবাসন, বা স্বাস্থ্যসেবা যাই হোক কেনো, সাথে সংযুক্ত করে দেওয়া পার্থক্য তৈরি করে দিতে পারে। S249 নিশ্চিত করে যে আইন প্রয়োগকারী ও ডিসট্রিক্ট অ্যাটর্নীদের অবশ্যই একটি ব্যক্তির তাৎক্ষণিক প্রয়োজনকে অগ্রাধিকার প্রদান করতে হবে, এবং

তাদেরকে এমন কারো সাথে যোগাযোগ করিয়ে দিতে হবে যে তাদের ভাষা বলতে পারে এবং মূলত তাদের ভালো থাকা নিয়ে উদ্বিগ্ন। অ্যাসেম্বলিমেন্টার হেভেসি এবং আমার বিলে বর্ণিত এধরনের সামগ্রিক ব্যবস্থা গ্রহণ ভুক্তভোগীদের ট্রমা ও ভীতি আরো তীব্র করার সম্ভাবনার বদলে তাদের যত্ন ও নিরাপত্তার সেবা অনুশীলনের প্রতি জোর দেয়।"

অ্যাসেম্বলিমেন্টার অ্যান্ড্রু হেভেসি বলেন, "আমি অত্যন্ত গর্বিত যে সিনেট ও অ্যাসেম্বলিতে সর্বসম্মতভাবে পাশ হওয়া বিধিমালাটিকে আইন হিসেবে স্বাক্ষর করা হয়েছে। মানব পাচারের শিকার ব্যক্তিদের যত দ্রুত সম্ভব যথাযথ সামাজিক ও আইনি সেবার সাথে সংযুক্ত করে দেওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমি এই ব্যাপারে তার নেতৃত্বের জন্য সিনেটর রামোস ও বিধিমালাটি স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)